গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**

**এস. আর. ও. নং............আইন/২০২১।**- বীমা আইন, ২০১০ এর ধারা ৬০ এর উদ্দেশ্য পূরণকল্পে ধারা ১৪৬ এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ-

**১। শিরোনাম ও প্রবর্তন।— (১)** এই বিধিমালা রেয়াত প্রদানে বিধিনিষেধ ও জরিমানা নির্ধারণ বিধিমালা, ২০২১ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**২। সংজ্ঞা।— (১)** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "আইন" অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নং আইন);

(খ) "কর্তৃপক্ষ" অর্থ আইনের ধারা ২(১০) এ উল্লিখিত কর্তৃপক্ষ;

(গ) "ব্যক্তি" অর্থ আইনের ধারা ২(৩২) এ সংজ্ঞায়িত ব্যক্তি;

(ঘ) "প্রিমিয়াম রেয়াত" অর্থ কোন ব্যক্তি বাংলাদেশে জীবন অথবা সম্পত্তি সংক্রান্ত কোন প্রকারের ঝুঁকির ব্যাপারে প্রত্যক্ষ কিংবা পরোক্ষভাবে কোন ব্যক্তিকে কোন বীমা গ্রহণ, নবায়ন অথবা পলিসি চলমান রাখিবার জন্য উৎসাহিত করিতে প্রিমিয়ামের কোন রেয়াত প্রদান।

(২) এই বিধিমালায় যেই সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহার করা হইয়াছে কিন্তু সংজ্ঞা বা ব্যাখ্যা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি বীমা আইন, ২০১০ এ যেই অর্থে ব্যবহৃত হইয়াছে, এই বিধিমালায়ও উক্ত অর্থে প্রযোজ্য হইবে।

**৩। রেয়াত প্রদানে বিধিনিষেধ ও প্রতিকার।—** (১) কোন ব্যক্তি কর্তৃক রেয়াত প্রদানে বিধিনিষেধের ক্ষেত্রসমূহ হইবে-

(ক) আইনের ধারা ৬০(১) এ বর্ণিত ক্ষেত্র;

(খ) প্রিমিয়াম রেয়াত।

**৪। জরিমানা।—** (১) অত্র বিধিমালার বিধি ৩(১) এর বিধান পরিপালনে ব্যর্থ ব্যক্তিকে নিম্নোক্ত পরিমাণ অর্থ জরিমানা করা যাইবে-

(ক) প্রদত্ত রেয়াতের সমুদয় অর্থ সংশ্লিষ্ট বীমাকারীর ব্যাংক হিসাবে জমা প্রদানসহ যথানিয়মে সরকারি রাজস্ব (ভ্যাট, ট্যাক্স, স্ট্যাম্প ডিউটি প্রভৃতি) প্রদান এবং এইরূপ লংঘনের জন্য অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা করা যাইবে;

(খ) এইরূপ লংঘন অব্যাহত থাকিলে প্রতিটি লংঘনের জন্য প্রতিদিন অতিরিক্ত ৫ (পাঁচ) হাজার টাকা।

(২) উপ-বিধি (১) অনুযায়ী জরিমানা আরোপের পরেও কোন ব্যক্তি এই বিধিমালার কোন বিধি লংঘন করিলে আইনের বিধান অনুযায়ী কর্তৃপক্ষ উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সচিব

২১/১১/২০২১

ড. এম. মোশাররফ হোসেন এফসিএ
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০